**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 21-06 2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী বলেছেন, যোগ অনুশীলন পরিণত বয়সেও মানুষকে সক্ষম ও সুস্থ রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি আজ আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে কোলকাতার রেড রোডে মূল অনুষ্ঠানে যোগ অনুশীলনে নেতৃত্ব দেন।

২) প্রধানমন্ত্রী বলেছেন, দেশীয় প্রযুক্তিতে নির্মিত জাহাজগুলি ভারতের আত্মনির্ভরতার প্রতীক। তিনি আজ কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দর থেকে নৌবাহিনীর কাজের জন্য তিনটি জাহাজ জাতির উদ্দেশে উৎসর্গ করেছেন।

৩) কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ছাত্রছাত্রীদের চিন্তামুক্ত হয়ে ডাক্তারি প্রবেশিকা পরীক্ষা নিট দেওয়ার আহ্বান জানিয়েছেন।

এনটিএ, ছাত্রছাত্রীদের পরীক্ষার নির্দেশাবলী যথাযথভাবে মেনে চলার পরামর্শ দিয়েছে।

৪) পশ্চিম এশিয়ার সংঘাত অবসানে ইরানের সঙ্গে আলোচনার জন্য সুইৎজারল্যান্ডে মার্কিন ভাইস প্রেসিডেন্ট পৌঁছেছেন।

৫) আবহাওয়া দপ্তর, সিকিম ও হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গে ভারি বৃষ্টির লাল সতর্কতা জারি করেছে।

৬) ফিফা বিশ্বকাপ ফুটবলে জাপান টিউনিশিয়াকে ৪-০ গোলে হারিয়ে দিয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যোগ আমাদের শেখায় কি করতে হবে আর কি করা উচিৎ নয়। তিনি বলেন যোগ অনুশীলন বিশ্ব শান্তির পথ প্রদর্শনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার ক্ষমতা রাখে। এই অনুশীলন কেবলমাত্র ব্যাক্তিগত শারীরিক সুস্থতার জন্যই নয়, বরং সার্বিক ভাবে উন্নততর ভবিষ্যৎএর জন্য অত্যন্ত আবশ্যিক।

কলকাতায় রেড রোডে আজ দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে যোগ দিয়ে  প্রধানমন্ত্রী যোগ অনুশীলনের মাহাত্ম্য তুলে ধরে শ্রীরামকৃষ্ণ পরমহংস, স্বামী বিবেকানন্দ, ঋষি অরবিন্দ, কবিগুরু রবীন্দ্রনাথ ও শ্যামাচরন লাহিড়ীর কথা উল্লেখ করেছেন। তিনি বলেন, এই সব মহাপুরুষরা যোগকে আধ্যাত্মিক ও সামুহিক অনুভবের বিষয় বলে মনে করতেন।

বাইট-

কবিগুরু রবীন্দ্রনাথকে উদ্ধৃত করে শ্রী মোদী বলেন আশেপাশের দুনিয়াকে জানা ও তাঁদের সঙ্গে যুক্ত হওয়া বিশেষ প্রয়োজন। যোগ সেই ভূমিকা পালন করে। আন্তর্জাতিক যোগ দিবসের এবারের মূল ভাবনা-‘বার্ধক্যেও সুস্থ

জীবনযাপনের জন্য যোগ;। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেছেন, ধারাবাহিকভাবে সক্ষমতা ও সুস্থতা বজায় রাখতে গেলে যোগ অনুশীলন অন্যন্ত প্রয়োজন। তিনি আরো বলেন বয়স কখনোই মানুষের স্বতঃস্ফূর্ততার অন্তরায় হতে পারে না। আজকের অনুষ্ঠানে দেশ বিদেশের অসংখ্য মানুষ ভার্চুয়ালি অংশ গ্রহণ করেন। সংস্কৃতি মন্ত্রক দেশের ১০০ টি আইকনিক বা গুরুত্বপূর্ণ স্থানে যোগ দিবসের আয়োজন করে। ১২ টি প্রধান স্থানে বড় আকারের অনুষ্ঠান হয়েছে। এগুলি হল নতুন দিল্লীর লালকেল্লা, উত্তরা খণ্ডের হরিদ্বার, ওড়িশার কোণারক, কর্ণাটকের হাম্পি, তামিলনাড়ুর মহাবলীপুরম, মহারাষ্ট্রের মুম্বই, বিহারের নালন্দা, গুজরাটের আমেদাবাদ, উত্তরপ্রদেশের সারনাথ, লাদাখের লেহ, তেলেঙ্গানার হায়দ্রাবাদ ও আসামের শিলচর।

রাষ্ট্রীয় আয়ুষ মিশন এবং কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে উধারবন্দে ঐতিউহাসিক কাছাড় রাজবাড়ি প্রাঙ্গণে শিলচরে মূল অনুষ্ঠানটির আয়োজন করা হয়। ত্রিপুরায় আগরতলার হাপানিয়া মেলা প্রাঙ্গণে রাজ্য স্তরের মূল অনুষ্ঠানে যোগ দেন, মুখ্যমন্ত্রী, অধ্যাপক মাণিক সাহা, ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বিশালগড়ের চরি গ্রামে বাজপেয়ী উচ্চ মাধ্যমিক বিদ্যালয় আয়োজিত যোগ দিবসের অনুষ্ঠানে অংশ নেন। ‘ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনর সঙ্গে সমন্বয় করে বিদেশের ২১০ টিরও বেশি দূতাবাস ও কনসুলেট যোগ দিবসের আয়োজন করে।

বাংলাদেশের রাজধানী ঢাকায় বসুন্ধরা স্পোর্টস সিটিতে মূল অনুষ্ঠানটির পাশাপাশি সিলেট, রাজশাহি, খুনলনা ও চট্টগ্রামে যোগ দিবস উদযাপিত হয়েছে।

কলকাতায় যোগ দিবসের মূল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল RN রবি, কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী প্রতাপ রাও যাদব, এবং পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ মধ্যপ্রদেশের জব্বলপুরে গ্যারিসন গ্রাউন্ডে আয়োজিত রাজ্য-স্তরের আন্তর্জাতিক যোগ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেন। জাতীয় রাজধানী অঞ্চল দিল্লীতে দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। শান্তিপথে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে পি নাড্ডা, নেহরু পার্কে বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর, নেহরু স্টেডিয়ামে ক্রীড়ামন্ত্রী মনসুখ মন্ডাভিয়া অংশগ্রহণ করেন।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি ভারতীয় নৌবাহিনীর কাজের জন্য তিনটি জাহাজ— 'আইএনএস দুনাগিরি', 'আইএনএস সংশোধক' এবং 'আইএনএস অগ্রয়' দেশবাসীর উদ্দেশে উৎসর্গ করেছেন। নৌবাহিনীর 'ওয়ারশিপ ডিজাইন ব্যুরো'-র নকশা করা এই যুদ্ধজাহাজগুলি নির্মাণ করেছে 'গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স'।

এই যুদ্ধজাহাজগুলি নৌসেনার যুদ্ধকালীন তৎপরতা, হাইড্রোগ্রাফিক সার্ভে এবং সাবমেরিন-প্রতিরোধী যুদ্ধ ক্ষমতাকে আরও শক্তিশালী করবে।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন দেশীয় নকশা ও প্রযুক্তিতে নির্মিত জাহাজগুলি ভারতের আত্মনির্ভরতার প্রতীক। ভারত আজ সমুদ্র পথে তার অবস্থানকে আরও শক্তিশালী করে তুলেছে। সাগরমালা কর্মসূচীর আওতায় এই উদ্দেশে দেশের বিভিন্ন বন্দরে আধুনিকীকরণের কাজ চলছে। নদীপথে পরিবহনকেও শক্তিশালী করে তোলা হচ্ছে। মাল্টি মডেল লজিস্টিক ব্যবস্থাপনার বিস্তার ঘটানো হচ্ছে।

---------------------

স্নাতক স্তরে মেডিকালে ভর্তির অভিন্ন প্রবেশিকা পরীক্ষা নীট – ইউ জি ২০২৬ আজ ফের গ্রহণ করা হবে। ন্যাশ্যানাল টেস্টেং এজেন্সি পরীক্ষার্থীদের জন্য বেশ কিছু নির্দেশিকা জারি করেছে। সামাজিক মাধ্যণে এক বার্তায় এনটিএ জানিয়েছে, পরীক্ষাকেন্দ্রে দেড়টার পর আর ঢোকা যাবে না। ছাত্রছাত্রীদের অ্যাডমিট কার্ড এবং বৈধ সচিত্র পরিচয় পত্র নিয়ে ঢুকতে হবে। তেসরা মে যে পরীক্ষা নেওয়া হয়েছিল, তার অ্যাডমিট কার্ড আজকের পরীক্ষার জন্য বৈধ নয়।

পরীক্ষা শুরু হবে দুপুর ২টোয়। চলবে ৫ টা ১৫ পর্যন্ত। দেশের ৫৫১টি শহর ছাড়াও বিদেশের ১৪টি শহরে প্রায় ২২ লক্ষ ৭৯ হাজারের বেশি পরীক্ষার্থী

এই পরীক্ষায় অংশগ্রহণ করবেন। ইংরাজি ছাড়াও আরো ১২ টি ভারতীয় ভাষায় এই পরীক্ষা দেওয়া যাবে।

কেন্দ্রীয় **শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান** ছাত্রছাত্রীদের চিন্তামুক্ত হয়ে পরীক্ষা দেওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়ে বলেন, সুষ্ঠুভাবে পরীক্ষা নেওয়ার জন্য সবধরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

বাইট

---------------------

মার্কিন যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স সুইজারল্যান্ডে পৌঁছেছেন। এর আগে তিনি বলেছিলেন মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের সঙ্গে আলোচনার পরিবেশ তৈরি করবে এবং পারমাণবিক অস্ত্র তৈরির ক্ষেত্রে বিধিনিষেধের আলোচনা সঠিক পথে এগোবে। অন্যদিকে তেহরান জানিয়েছে লেবানন পরিস্থিতির সুরাহা না হলে কোন আলোচনা এগোবে না। উল্লেখ্য গত শুক্রবার আলোচনা শুরু হওয়ার কথা থাকলেও লেবাননে সংঘাত বেড়ে যাওয়ায় ইরানের তরফে তাতে অংশ নেওয়ার পরিকল্পনা বাতিল করা হয়।

অন্যদিকে এই হামলার জেরে তেহরান আলোচনায় অংশগ্রহণ না করার সতর্কবার্তা ও হরমুজ প্রণালী বন্ধ করার ঘোষণা করার কিছু ঘণ্টার মধ্যেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প পাল্টা হুমকি দিয়েছেন। তিনি বলেছেন, ৬০

দিনের মধ্যে ইরানের সঙ্গে চূড়ান্ত কোনো চুক্তি না হলে এই গুরুত্বপূর্ণ জলপথে মার্কিন যুক্তরাষ্ট্র ‘টোল’ আরোপ করবে।

---------------------

প্রধানমন্ত্রী মূদ্রা যোজনা নিয়ে ছড়িয়ে পড়া সামাজিক মাধ্যমের একটি দাবি সরকার খারিজ করে দিয়েছে। প্রেস ইনফরমেশন ব্যুরো_পিআইবি-র ফ্যাক্ট চেক ইউনিট জানিয়েছে এই সংক্রান্ত ভাইরাল চিঠিটি ভুয়ো। ওই চিঠিতে দাবিতে করা হয়েছিল ৬,৫৫০ টাকা প্রসেসিং ফি জমা দিলে 'প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা'-র আওতায় ১০ লক্ষ টাকা ঋণ পাওয়া যাবে। উল্লেখ্য মুদ্রা যোজনার তরফে কোনো ব্যক্তি বা ক্ষুদ্র উদ্যোক্তাকে সরাসরি ঋণ প্রদান করে হয় না। সেক্ষেত্রে নাগরিকদের শুধুমাত্র সরকারি সূত্র থেকেই এ ধরনের তথ্য যাচাই করার কথা জানিয়েছে পিআইবি দফতর।

---------------------

আবহাওয়া দপ্তর আজ হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ, সিকিম এবং আসাম ও মেঘালয়ের কিছু অঞ্চলে অতি ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। সিকিম ও হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গে লাল সতর্কতা জারি করা হয়েছে। ২৬ শে জুন পর্যন্ত উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যে মাঝারি বৃষ্টি হতে পারে। বিহার, ওড়িশা, তামিলনাড়ু, পুদুচেরি, কড়াইকল, কেরালা, মাহে, উপকূলবর্তী কর্ণাটক এবং অন্ধ্রপ্রদেশের রয়্যালসীমা অঞ্চলে ভারি বৃটিপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে।

অন্যদিকে, পূর্ব উত্তরপ্রদেশ, বিহার, তেলেঙ্গানা এবং মহারাষ্ট্রের বিদর্ভ অঞ্চলে আগামী তিন থেকে চার দিন তাপপ্রবাহের সতর্কবার্তা দেওয়া হয়েছে। ২৫ তারিখ পর্যন্ত বঙ্গোপসাগর ও আরব সাগরে মৎস্যজীবীদের মাছ ধরতে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

----------------------

বিশ্বকাপ ফুটবলে, গ্রুপ এফ-এর ম্যাচে আজ জাপান, তিউনিশিয়াকে ৪-০ গোলে হারিয়ে দিয়েছে। এদিকে, গ্রুপ ই-র ম্যাচে, ইকুয়েডর, কুরাসাও-এর ম্যাচটি গোলশূন্য ড্র হয়।

গতরাতে গ্রুপ ই-র অন্য ম্যাচে, টরন্টো স্টেডিয়ামে, জার্মানি, আইভরি কোস্টকে ২-১ গোলে হারিয়ে দিয়েছে।

গ্রুপ এফ-এর ম্যাচে নেদারল্যান্ডস, সুইডেনকে ৫-১ গোলে হারিয়ে দিয়েছে।

আজ বিশ্বকাপে, গ্রুপ এইচ-এর খেলায় স্পেন, সৌদি আরবের মুখোমুখি হবে। আটলান্টা স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে ৯ টায়।

গ্রুপ জি-র ম্যাচে, ভারতীয় সময় রাত সাড়ে ১২ টায়, লস অ্যাঞ্জেলস স্টেডিয়ামে, বেলজিয়াম, ইরানের বিরুদ্ধে খেলবে।

ভারতীয় সময় রাত সাড়ে ৩ টেয়, গ্রুপ এইচ-এর অন্য ম্যাচে, মিয়ামি স্টেডিয়ামে, উরুগুয়ে, কেপ ভার্দের বিরুদ্ধে খেলবে।

```
----------------------  ----------------------
```